বিক্ষোভে অংশ নেওয়ায় আমির খানের ভাগ্নেকে ভারত ছাড়ার নির্দেশ



ছবি: সংগৃহীত

ভারতে সরকারবিরোধী বিক্ষোভে অংশ নেওয়ার ঘটনায় বলিউড অভিনেতা ইমরান খানকে দেশ ছাড়ার নোটিশ দিয়েছে মুম্বাই পুলিশ। যুক্তরাষ্ট্রের নাগরিক এই অভিনেতাকে আগামী ২৮ অক্টোবরের মধ্যে ভারত ছাড়তে বলা হয়েছে।

বৃহস্পতিবার (১৫ অক্টোবর) মুম্বাই পুলিশের কর্মকর্তাদের বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে দ্য টাইমস অব ইন্ডিয়া। অভিনেতা ইমরান খান বলিউড তারকা আমির খানের ভাগ্নে।

ভারতের প্রধান নির্বাচন কমিশনারের বিরুদ্ধে আয়োজিত বিক্ষোভে অংশ নেওয়ায় ইমরানের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি তোলেন বিজেপি নেতা কিরিট সোমাইয়া। গত সোমবার তিনি মুম্বাইয়ের গামদেবী থানায় এ বিষয়ে অভিযোগ করেন। তাঁর অভিযোগ, যুক্তরাষ্ট্রের নাগরিক হয়েও ইমরান ভারতের রাজনৈতিক কর্মসূচিতে অংশ নিয়েছেন।

গত ১০ অক্টোবর মুম্বাইয়ের আগস্ট ক্রান্তি ময়দানে ওই বিক্ষোভ হয়। সেখানে বিক্ষোভকারীরা প্রধান নির্বাচন কমিশনারের পদত্যাগ দাবি করেন। কর্মসূচি চলাকালে পুলিশ ইমরান খানকে কিছু সময়ের জন্য হেফাজতে নিয়েছিল বলে জানিয়েছেন এক কর্মকর্তা।

পুলিশের পক্ষ থেকে বলা হয়েছে, ইমরানকে দেওয়া নোটিশে ২৮ অক্টোবরের মধ্যে ভারত ছাড়তে নির্দেশ দেওয়া হয়েছে। নোটিশের একটি কপি তিনি পেয়েছেন। বিষয়টি নিয়ে প্রশাসনিক কার্যক্রম চলমান রয়েছে।